DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Nov 2026, 03:29 PM

ধর্ম

জুমার নামাজের ইতিহাস, কখন থেকে শুরু হয় এই রীতি

প্রতিবেদক: ধর্ম ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ইসলামে সপ্তাহের সবচেয়ে মর্যাদাপূর্ণ দিন শুক্রবার বা 'ইয়াওমুল জুমআ'। বিশ্বজুড়ে মুসলিমদের জন্য জুমার দিনটি সাপ্তাহিক উৎসবের দিন হিসেবে বিবেচিত। তবে এর সূচনা ও ইতিহাস বেশ তাৎপর্যপূর্ণ।

জুমার নামাজের বিধিমালার প্রাথমিক আমল মক্কায় হিজরতের আগেই পাওয়া যায়, তবে তা আনুষ্ঠানিকভাবে কার্যকর করা সম্ভব হয়নি। ৬২২ খ্রিষ্টাব্দে মহানবী হযরত মুহাম্মদ (সা.) মক্কা থেকে মদিনায় হিজরতের উদ্দেশ্যে রওনা হন। পথিমধ্যে কুবা থেকে মদিনায় যাওয়ার সময় বনি সালেম গোত্রের উপত্যকায় পৌঁছালে জোহরের সময় হয়ে যায়। সেখানেই মহানবী (সা.) প্রথম জুমার নামাজে ইমামতি করেন এবং খুতবা প্রদান করেন। এটিই ইসলামের ইতিহাসের প্রথম আনুষ্ঠানিক জুমার নামাজ।

এর আগে নবুয়তের ১২তম বর্ষে রাসুলুল্লাহ (সা.)-এর নির্দেশে সাহাবি মুসাব ইবনে উমাইর (রা.)-এর নেতৃত্বে মদিনায় প্রথম জামাতে জুমার নামাজ আদায় করা হয়েছিল। পবিত্র কোরআনের সূরা আল-জুমুআতেও জুমার আযান হলে সমস্ত কাজ ও কেনাবেচা বন্ধ করে সালাতের

উদ্দেশ্যে ধাবিত হওয়ার স্পষ্ট নির্দেশ দেয়া হয়েছে। সেই থেকে আজ পর্যন্ত মুসলিম বিশ্বে জুমার গুরুত্ব ও ধারাবাহিকতা অপরিবর্তিত রয়েছে।

এ বিভাগের আরও খবর



ইসলামে যে ৪ ধরনের উপহার দেওয়া-নেওয়া নিষিদ্ধ
ইসলামী সমাজব্যবস্থায় উপহার আদান-প্রদান পারস্পরিক ভালোবাসা, সৌহার্দ্য ও সম্প্রীতি বৃদ্ধির অন্যতম মাধ্যম। উপহারের মাধ্যমে মানুষের মধ্যে সম্পর...



নেক সন্তান আল্লাহর শ্রেষ্ঠ নেয়ামত, যেভাবে গড়বেন
ইসলামে নেক সন্তানকে মহান আল্লাহর অন্যতম শ্রেষ্ঠ নেয়ামত হিসেবে গণ্য করা হয়েছে। কোরআন ও হাদিসের নির্দেশনা অনুযায়ী, সন্তান দুনিয়ার সৌন্দর্য...



মহানবী (সা.)-এর অনন্য মর্যাদা ও শ্রেষ্ঠত্বের ১৬টি প্রমাণ
ইসলামে মহানবী হজরত মুহাম্মাদ (সা.)-এর মর্যাদা ও সম্মান অপরিসীম। তিনি সর্বশেষ নবী ও রাসুল। পবিত্র কোরআন ও হাদিসে তাঁর বিশেষ মর্যাদা, অনন্য বৈশ...



একা পশু জবাই করলে মাংস খাওয়া কি হালাল? জানালেন শায়খ আহমাদুল্লাহ

গোশত মানুষের প্রিয় খাবার। ইসলামে নির্দিষ্ট শর্তে বিভিন্ন হালাল প্রাণীর গোশত খাওয়ার অনুমতি রয়েছে। তবে পশু জবাইয়ের ক্ষেত্রে একাধিক ব্যক্তি থাক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/religion/jumar-namajer-itihas-kkhn-theke-shuru-hy-ei-riti